মুজিবনগরে যুবলীগ নেতা বাবুল মল্লিকের উদ্যেগে মাস্ক বিতরন

মুজিবনগর উপজেলার বল্লভপুর ইয়োথ কাম কমিউনিটি সেন্টার এর যুবকদের মাঝে চেয়ার ও kn95 মাস্ক বিতরন করেছেন বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বাবুল মল্লিক।

শুক্রবার সকালে নিজে উপস্থিত থেকে এ সকল মাস্ক বিতরন করা হয়। এসময় উপস্থিত ছিলেন যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক বাবু ও ক্লাবের সভাপতি সবুজ.ডনসন সহ সকল সদস্য বৃন্দ।
এ সময় কমিউনিটি সেন্টারে ৬ টি চেয়ার ও শতাধিক মাস্কসহ কয়েকদিনে বিভিন্ন স্থানে ১২ শত পিচ মাস্ক বিতরন করা হয়।

দামুড়হুদায় ভ্রাম্যমান আদালতের অভিযান, জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা কর হয়েছে। জানা গেছে, গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান দামুড়হুদা উপজেলা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে চলমান লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার হাউলি ইউনিয়ন জয়রামপুর, কার্পাসডাঙ্গা, নাটুদা ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। এ সময় গণপরিবহনে অতিরিক্ত ভাড়া আদায় ও মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ২৪, জনের নিকট থেকে ৭হাজর ৮ শ টাকা জরিমানা আদায় করেন, এসময় তিনি মাক্স ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেন, ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা কালে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, এসময় বলেন, দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী এলাকাগুলোতে, ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ,

কয়েকদিনের ব্যবধানে ২৫, জনের মৃত্যু হয়েছে, আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল, সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি। আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকবে হবে তিনি আরো বলেন, সব ধরনের অফিসে কর্মচারী থেকে কর্মকর্তাদের মধ্যে মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। বাইরে চলাচলে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর হবে প্রশাসন। সর্বোচ্চ সতর্কতা নিতে হবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করেন আদালত পরিচালনার কাজে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলী, দামুড়হুদার মডেল থানার পুলিশ সদস্যরা, প্রমুখ।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন এবং জরিমানা আদায় করেন। চুয়াডাঙ্গার করোনা পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পক্ষ থেকে সাত দিনের লকডাউন ঘোষণা করেছে। লকডাউন এর পঞ্চম তম দিনে চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা নির্বাহি অফিসার চুয়াডাঙ্গা বিভিন্ন স্থানে জরিমানা আদায় ও সতর্কতামূলক বক্তব্য প্রদান করেন। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টা হতে রাত ৮ টা পর্যন্ত চুয়াডাঙ্গা পৌরসভার কোর্ট মোড়, বড় বাজার চৌরাস্তা মোড়, আলী হোসেন মার্কেট, পৌরসভা মোড়, সেকরাতলার মোড়, ইসলামপাড়ার মোড়,

তালতলা, হাজরাহাটি এলাকায় মোবাইল কোর্ট মোর এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন। স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় ৫টি প্রতিষ্ঠানকে সর্বমোট ৬৭০০/-(ছয় হাজার সাতশত টাকা মাত্র) অর্থদন্ড প্রদান করেন। চায়ের দোকানে টেলিভিশন চালানোর অপরাধে টেলিভিশন জব্দ করেন। ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালনায় আরো উপস্থিত ছিলেন সোবহান আলী, পেশকার, মোবাইল কোর্ট । জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন সদর উপজেলা নির্বাহি অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান।

দামুড়হুদায় এডিপির প্রকল্প পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার দামুড়হুদা সদর ইউনিয়নের এডিপির প্রকল্প পরিদর্শন করলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। গতকাল বৃহস্পতিবার দামুড়হুদা সদর ইউনিয়নের বিভিন্ন এলাকায় এডিপির প্রকল্প পরিদর্শন করলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ শরীফুল ইসলাম। অপরদিকে দামুড়হুদা সদরের এডিপি প্রকল্প সরেজমিন পরিদর্শন কালে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, পিআইসি কমিটি এবং টেন্ডারের মাধ্যমে বিভিন্ন এডিপির প্রকল্প সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে। কাজের মান সন্তোষজনক হয়েছে বলে তিনি জানান।

আলমডাঙ্গা আওয়ামীলীগের দলীয়

কার্যালয়ের জায়গা পরিদর্শন করেন-এমপি ছেলুন

আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামী লীগের নেতা কর্মিদের সাথে মতবিনিময় করেন এমপি ছেলুন জোয়াদ্দার।
গতকাল বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে উপজেলা দলীয় কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এছাড়া, আধুনিক উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয় নির্মাণ উপলক্ষে জায়গা পরিদর্শন করেন। পরিদর্শন শেষে আলমডাঙ্গা উপজেলা দলীয় কার্যালয়ে নেতাকর্মীদের সাথে মতবিনিময়ে তিনি বলেন, ‘আওয়ামীলীগ ক্ষমতায় আছে বলে গা ভাসিয়ে দিয়েন না। সকলকে মনে রাখতে হবে যে কোন সংকটময় কালীন সময়ে আওয়ামীলীগ জনগণের পাশে দাঁড়িয়েছে। ভাষা আন্দোলনের ৬ দফা দাবি আদায়, ঊনসত্তরের গনআন্দোলন ও ৭১ এর মুক্তিযুদ্ধ সহ সকল আন্দোলন সংগ্রামে জাতীর পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামীলীগ সংগ্রাম করেছে। আমরা মুক্তিযুদ্ধের মাধ্যমে পাকিস্থানী শাষনের অবসান ঘটিয়েছি। তাই আপনারা সজাগ থাকবেন। দলকে তৃনমুল থেকে নতুনত্ব করে ঢেলে সাজান। করোনা পরিস্থিতি চুয়াডাঙ্গায় ভয়াবহ রূপ ধারণ করেছে। গত কয়েক দিন এ জেলায় করোনা শতভাগ সংক্রমিত হচ্ছে। সকলে সাবধানে থাকবেন হবে। এছাড়াও জনগনের পাশে দাড়াবেন। আলোচনা সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী শিক্ষানুরাগী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সহসভাপতি খন্দকার হামিদুল ইসলাম আজম, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী। পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা ভাইস চেয়ারম্যান ও ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, আওয়ামীলীগ নেতা আব্দুল মালেক, ঠান্ডু রহমান। পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, জেলা মৎসজীবি লীগের আহ্বায়ক শাহাবুল হক, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সাংগঠনিক সম্পাদক আবু মুসা, পৌর আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, মহাসিন কামাল, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান, মহিলা আওয়ামী লীগ নেত্রী সাহিদা খাতুন, পৌর

মহিলা লীগের সম্পাদক ও পৌর কাউন্সিলর রাবেয়া খাতুন, মহিলা নেত্রী জাহানারা খাতুন, ডালিম রানী, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা রেজাউল হক তবা, পরিমল ঘোষ কালু, সোনাউল্লাহ, জাহাঙ্গীর হোসেন, শহিদুল মোল্লা, যুবলীগ নেতা সাজ্জাদুল ইসলাম স্বপন, শিলকন জোয়ার্দ্দার, সাবেক ছাত্রলীগ নেতা সোহেল রানা শাহিন, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, পৌর ছাত্রলীগের ভারপ্রাপ্ত সম্পাদক নাহিদ হাসান তমাল, আলম হোসেন, সৈকত খান, কাজী চন্দন, মৃডেল মৃধা, পাপ্পু, খন্দকার সালাউদ্দিন মুক্তার আলী প্রমুখ।মতবিনিময় শেষে আওয়ামীলীগের নতুন কার্যালয়ের জায়গা পরিদর্শন করেন।

শৈলকুপা স্বপ্নের ব্রিজ উদ্বোধন করলেন এমপি আব্দুল হাই

ঝুঁকিতে ঝুলছে সেতু, ভেঙে পড়েছে বর্ডারগার্ড” এমন বিভিন্ন শিরোনামে ফলাও করে প্রচার হয়েছে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাতলাগাড়ী নতুন বাজারের ক্ষতিগ্রস্ত সেতুর খবর। গত বছর চরম জনদূর্ভোগের সংবাদটি গুরুত্বের সাথে প্রকাশ পায় বিভিন্ন অনলাইন ও দৈনিক পত্রিকায় এক পর্যায়ে শৈলকুপা ১ আসনের সাংসদ, সাবেক মৎস্য ও প্রাণী সম্পদ প্রতিমন্ত্রী জনাব আব্দুল হাই এবং পানি উন্নয়ন বোর্ডের উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের নিবিড় প্রচেষ্টায় শুরু হতে যাচ্ছে ব্রীজের কাজ। প্রায় ৪ কোটি টাকা বরাদ্দের এ ব্রীজ সম্পন্ন হতে এখন মাত্র সময়ের ব্যবধান। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় এমপি আব্দুল হাই এর নিজ বাসায় সীমিত পরিসরের আয়োজনে তিনি এ ব্রীজের শুভ উদ্বোধন ঘোষণা করেন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহবায়ক ও ধলহরাচন্দ্র ইউপি চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, যুগ্ম- আহবায়ক সরোয়ার জাহান বাদশা, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম আব্দুল হাকিম, ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান শামীম হোসেন মোল্লা ও সাবেক

মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা নাসরিন লিপি, উপজেলা আওয়ামী লীগের সদস্য শিকদার ওয়াহিদুজ্জামান ইকু, উপজেলা ছাত্রলীগের সভাপতি দিনার বিশ্বাস, ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জহুরুল হক প্রমুখ।

মুজিবনগরে লক ডাউনের দৃতীয়দিনে থেমে নেই অটোরিক্সা ও পাখিভ্যান

মুজিবনগরে লক ডাউনের দৃতীয়দিনে থেমে নেই অটোরিক্সা ও পাখিভ্যান। ইচ্ছা মত চলছে যাত্রী বহনকারী গাড়িগুলো। যেখানে মেহেরপুর জেলা প্রশাসনের নিশেধাঙ্গার ভিতরে অটো, পাখি ভ্যান চলাচল একদম নিষিদ্ধ করা হয়েছে। সেখানে সেই নিষেধাঙ্গা অমান্য করে চালিয়ে যাচ্ছে যাত্রী বহনকারী গাড়ি।

শুক্রবার সকাল ১০ টার দিকে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে অটো ও পাখি ভ্যান দাড়িয়ে থাকতে দেখা গেছে। মেহেরপুর জেলায় খুব দ্রুত আকারে করোনা সংকট বৃদ্ধি পাওয়ায় ১৫ দিনের কোঠর লকডাউন আরোপ করেছে জেলা প্রশাসন। বিঙ্গপ্তিতে উল্যেখ করা হয়েছে,লকডাউন চলাকালীন সময়ে শুধুমাত্র জরুরী কাজে ব্যবহৃত ওষুধের দোকান ২৪ ঘন্টা খোলা রাখা যাবে। এছাড়া হোটেল রেস্তোরা সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬টা, কাঁচাবাজার সীমিত সময়ের জন্য খোলা রাখা যাবে। এছাড়া পুরোপুরি বন্ধ থাকবে সকল ধরণের চায়ের দোকান, ইজিবাইক চলাচল, পাখি ভ্যান চলাচল । মোটরসাইকেলে শুধুমাত্র চালক একা চলাচল করতে পারবে। রিক্সাতে জরুরী প্রয়োজেনে এক জন যাত্রী চলাচল করতে পারবে।
গত মঙ্গলবার বিকালে জেলা করোনা প্রতিরোধ কমিটির কমিটির এক জরুরী (জুম) সভায় এ সিদ্ধান্তের কথা জানান কমিটির সভাপতি ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

দর্শনার বিভিন্ন স্থানে মাস্ক বিতরন করলেন “দর্শনার জন্য আমরা” সংগঠন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় “দর্শনার জন্য আমরা” (সেচ্ছাসেবী সংগঠন) এর উদ্যোগে আসুন-দর্শনাকে গতিশীল ও আধুনিক শহর করতে আমরা সবাই এগিয়ে আসি এই স্লোগানকে সামনে রেখে কোভিড-১৯ কে প্রতিরোধ করতে মাস্ক বিতরন শুরু করেছে।

বৃহস্পতিবার সকাল থেকে বিকাল পর্যন্ত দর্শনার পুরাতন বাজার মসজিদে ও রেল বাজারের বিভিন্ন স্থানে প্রায় ৭৫০ জনের মাঝে মাস্ক বিতরন করেন “দর্শনার জন্য আমরা” সংগঠনের একটি অরাজনৈতিক ও সেচ্ছাসেবী মূলক টিম।

সংগঠনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আনোরুল ইসলাম বাবু জানান, আমরা বৃহস্পতিবার সকাল-বিকাল পর্যন্ত দর্শনা রেল বাজারের বটতলা থেকে ফুলতলা পর্যন্ত ও দর্শনা পুরাতন বাজার জামে মসজিদে মাস্ক বিতরন করেছি এবং সাধারণ মানুষের সাথে সংক্ষিপ্ত পরিসরে সামাজিক দূরত্ব বজায় রেখে করোনা সচেতনতায় আলোচনা করেছি। শুক্রবারও আমরা মাস্ক বিতরন করবো, আর মানুষের কল্যাণে আমাদের এই অভিযান অব্যাহত থাকবে।

এসময় আরও উপস্থিত ছিলেন, “দর্শনার জন্য আমরা” সংগঠনের প্রস্তাবক-সিনিয়র সাংবাদিক মাহফুজ উদ্দীন খাঁন, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রাসেল আহমেদ শাওন, সাংবাদিক রাজু আহাম্মেদ সহ দর্শনার একঝাঁক তরুন।

কুষ্টিয়ায় ভ্রাম্যমাণ আদালতে সোয়া লাখ টাকা জরিমানা ও একজনের কারাদন্ড

করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে সমগ্র কুষ্টিয়া জেলায় কঠোর বিধি-নিষেধ (লকডাউন) আরোপ সংক্রান্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট আইনে ও তফসিলভূক্ত অন্যান্য আইনে কুষ্টিয়ায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১লাখ ১৭ হাজার টাকা জরিমানা আদায় ও এক জনের কারাদন্ড প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দিনব্যাপী কুষ্টিয়া জেলা শহর, কুষ্টিয়া পৌরসভাধীন এলাকা ও বিভিন্ন উপজেলাসমূহে এ অভিযান পরিচালনা করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ ও জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের নেতৃত্বে পরিচালিত অভিযানে বিভিন্ন রকম সচেতনতামূলক কার্যক্রমের পাশাপাশি মোবাইল কোর্টের মাধ্যমে অর্থদন্ড ও কারাদন্ড প্রদান করা হয়।

একদিনে কুষ্টিয়ায় করোনায় আক্রান্ত হয়ে ৯জনের মৃত্যু

কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতালের করোনা ওয়ার্ডে গত ২৪ ঘণ্টায় ৯ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে করোনায় সাতজন ও উপসর্গে দুজন মারা গেছেন।

বৃহস্পতিবার (২৪ জুন) দুপুরে হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এম এ মোমেন এ তথ্য নিশ্চিত করেছেন। হাসপাতাল থেকে জানানো হয়, গত

কয়েকদিন হাসপাতালে করোনায় মৃত্যুর সংখ্যা কম থাকলেও গত ২৪ ঘণ্টায় মৃত্যুর সংখ্যা আবারও বেড়ে গেছে। একইসঙ্গে হাসপাতালে রোগী ভর্তির চাপও বাড়ছে। গত ২৪ ঘণ্টায় জেলায় নতুন করে ১৩৯ জনের করোনা শনাক্ত হয়েছে। ৪৫২টি নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ৩১ দশমিক ৫৯ শতাংশ। নতুন শনাক্তের মধ্যে কুষ্টিয়া সদরে ১৯ জন, দৌলতপুরে ২০ জন, কুমারখালীতে ২৯ জন, ভেড়ামারায় ১২ জন, মিরপুরে ৩৪ জন ও খোকসায় ১৬ জন।

উল্লেখ্য, এখন পর্যন্ত কুষ্টিয়ায় সক্রিয় করোনা রোগীর সংখ্যা ১ হাজার ৪৭৭। এদের মধ্যে হাসপাতালে চিকিৎসাধীন আছেন ১৫৭ জন এবং হোম আইসোলেশনে আছেন ১ হাজার ৩২০ জন। এদিকে করোনা সংক্রমণ কমাতে ২০ জুন রাত ১২টা থেকে কুষ্টিয়ায় লকডাউন শুরু হয়েছে। ২৭ জুন রাত ১২টা পর্যন্ত এ লকডাউন চলবে। লকডাউনে জেলা উপজেলা শহরের বিভিন্ন পয়েন্টে অতিরিক্ত পুলিশ মোতায়েনের পাশাপাশি বাঁশ দিয়ে চলাচলের রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। এছাড়া জরুরি প্রয়োজন ছাড়া মানুষকে বের হতে দিচ্ছে না।

মিরপুর উপজেলার বাসস্ট্যান্ড, জিয়াসড়ক, ঈগল চত্বর, আমলা বাজারসহ বিভিন্ন এলাকায় কঠোর লকডাউন নিশ্চিত করতে উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন, অতিরিক্ত পুলিশ সুপার (মিরপুর সার্কেল) আজমল হোসেন, উপজেলা সহকারী কমিশনার ভুমি রকিবুল হাসান, মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি গোলাম মোস্তফাসহ সংশ্লিষ্টরা কঠোর নজরদারি করেন। এছাড়া জেলা শহরের মজমপুর গেট, চৌড়হাস ও বড়বাজার এলাকায় পুলিশ সুপার খাইরুল আলমের নেতৃত্বে জেলা পুলিশের সদস্যরা কঠোর অবস্থান নেন।